যুগান্তর

তারিখ: 12 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

# ঢাবি শিক্ষক সমিতির প্রস্তাবিত বেতন কাঠামো প্রত্যাখ্যান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রস্তাবিত জাতীয় বেতন কাঠামো প্রত্যাখ্যান করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শিক্ষকদের বঞ্চিত করে জাতির উন্নতি, অগ্রগতি, সমৃদ্ধি এবং জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা কোনোভাবেই সম্ভব নয় উল্লেখ করে কাঠামো পুনর্নির্ধারণেরও দাবি জানিয়েছেন শিক্ষক নেতারা। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এম মাকসুদ কামাল। উপস্থিত ছিলেন, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ, অধ্যাপক ড. হাসিবুর রশিদ, অধ্যাপক ড. আখতারুজ্জামান, অধ্যাপক ড. আখতার হোসেন খান, অধ্যাপক ড. তাজিন আজিজ চৌধুরী, অধ্যাপক ড. নাজমা শাহীন, অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূঁইয়া প্রমুখ।

লিখিত বক্তব্যে তিনি বলেন, অষ্টম জাতীয় বেতন কাঠামোতে ড. ফরাসউদ্দিনের নেতৃত্বাধীন কমিশন একদিকে যেমন শিক্ষকদের ন্যায্য অধিকার ক্ষুণ্ণ করার মতো প্রস্তাবনা রেখেছেন অন্যদিকে সচিব কমিটি আরও একধাপ অগ্রসর হয়ে নিজেদের সুবিধাদি নিশ্চিতের মাধ্যমে অন্যদের বৈষম্যের ব্যবস্থা করেছেন। কিন্তু সপ্তম জাতীয় বেতন কাঠামোতে শিক্ষকদের যে অবস্থান ছিল— বর্তমান বেতন কাঠামোতে দুইধাপ নামিয়ে আনা হয়েছে। প্রস্তাবিত বেতন কাঠামোতে প্রতিটি ধাপে প্রায় দ্বিগুণ বেতন বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সরকারের এ ধরনের জনমুখী বেতন কাঠামো যেখানে প্রশংসিত হওয়ার কথা সেখানে কিছুসংখ্যক উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা নিজের ভাগ্য নিজেই নির্মাণের উদ্দেশ্য হাসিলের চেষ্টার কারণে বেতন স্কেলের বিষয়টি বিতর্কিত হয়েছে। এ সময় শিক্ষক নেতারা বেশ কিছু দাবি তুলে ধরেন। দাবি আদায়ে আগামী ২৪ মে রোববার বেলা ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে বিক্ষুব্ধ শিক্ষকসমাজের প্রতিবাদ সভা ও মানববন্ধন কর্মসূচি পালিত হবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।